

৩১/৭/৬৭

35

দৈনিক ইনকিলাব

অঙ্গিক ... 06 MAY 1987 ...
পৃষ্ঠা... .. ২... কলাম... ২... ..



২২ মে ৫ মাঘ ১৩২৪

**প্রাথমিক বিদ্যালয়ে
শিক্ষক নিয়োগের
বিধিনিষেধ প্রত্যাহার**

সরকার প্রাথমিক বিদ্যালয়ের শূন্য পদে শিক্ষক নিয়োগের ব্যাপারে ইতিপূর্বে আরোপিত বিধিনিষেধ প্রত্যাহার করে নিয়েছেন। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। খবর বাসস'র।

সরকার প্রাথমিক শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়ার প্রেক্ষিতে এই বিধিনিষেধ প্রত্যাহার করেছেন। এই বিধিনিষেধ প্রত্যাহারের সাথে সাথে প্রাথমিক বিদ্যালয়ের ৬ হাজার শূন্য পদে শিক্ষক নিয়োগ হবে। ভবিষ্যতে শিক্ষা মন্ত্রণালয়ের বিধিবদ্ধ নিয়ম অনুযায়ী এই পদে নিয়োগ হবে।